উপজেলা পরিষদ
রাজবাড়ী সদর, রাজবাড়ী।

রাজবাড়ী সদর উপজেলা পরিষদের জানুয়ারি/২০২২ মাসে অনুষ্ঠিত (৩১ তম) মাসিক সভার কার্যবিবরণী।

সভাপতি : জনাব মোঃ ইমদাদুল হক বিশ্বাস
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
রাজবাড়ী সদর, রাজবাড়ী।

তারিখ : ২৬/০১/২০২২ খ্রিঃ, সময় : বেলা ১১.০০ ঘটিকা।

স্থান : উপজেলা পরিষদের সম্মেলন কক্ষ, রাজবাড়ী সদর, রাজবাড়ী।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা : পরিশিষ্ট "ক" দ্রষ্টব্য।

সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সকল সম্মানিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি নতুন বছরে সভায় উপস্থিতি সকল সদস্যগণকে শুভেচ্ছা জানান।

অতঃপর সভাপতির অনুমতিক্রমে উপজেলা নির্বাহী অফিসার, রাজবাড়ী সদর, রাজবাড়ী কর্তৃক উপজেলা পরিষদের সভার আলোচ্যসূচি মোতাবেক কার্যক্রম পরিচালনা করা হয়।

০২। বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন :
সভার শুরুতে বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয় এবং কোন সংশোধনী না থাকায় উহা দৃঢ়ীকরণ করা হয়।

০৩। সভায় নিম্নরূপভাবে বিভাগওয়ারী আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয় :

ক্রঃ নং	বিভাগের নাম	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
০১	উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিভাগ	ডাঃ নুরুন্নাহার কর্ণা, উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা (দায়িত্বপ্রাপ্ত), রাজবাড়ী সদর, রাজবাড়ী সভায় জানান যে, জানুয়ারি/২২ মাসে রাজবাড়ী সদর উপজেলার ২০৮ জন করোনার রোগী সনাক্ত হয়েছে। বর্তমানে ০১ জন সদর হাসপাতালে ভর্তি আছে। তিনি আরোও বলেন যে, রাজবাড়ী সদর উপজেলা স্বাস্থ্য কেন্দ্রে জানুয়ারি/২২ মাস পর্যন্ত সাইনোফার্ম ভ্যাকসিন ১ম ডোজ ১১০৫৪১ জন ও ২য় ডোজ ৯৬,০০৫ জন অ্যাষ্ট্রেজেনিকা ভ্যাকসিন ১ম ডোজ ১০৪৩০৪ জন, ২য় ডোজ ৫৪১৮৩ জন ও বুষ্টার ডোজ ৭৪৬২ জনকে টিকা প্রদান করা হয়েছে। বর্তমানে অ্যাষ্ট্রেজেনিকা ১২৯৪৬ ডোজ ও সাইনোফার্মের ৪১০৮ ডোজ করোনার টিকা মজুদ রয়েছে। বর্তমানে ফাইজারের কোন টিকা মজুদ নাই। এছাড়া বিভাগীয় অন্যান্য কাজ স্বাভাবিকভাবে চলছে। উপজেলা নির্বাহী অফিসার, রাজবাড়ী সদর, রাজবাড়ী করোনা ভাইরাসের প্রতিকারমূলক কোন কার্যক্রম গ্রহণ করা হয়ে থাকলে তার ছবি ও ভিডিও চিত্র আগামী সভায় উপস্থাপনের জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, রাজবাড়ী সদরকে অনুরোধ জানান।	করোনা ভাইরাসের প্রতিকার ও ব্যবস্থা গ্রহণ সংক্রান্ত ছবি ও ভিডিও চিত্র আগামী সভায় উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, রাজবাড়ী সদর, রাজবাড়ী।
০২	উপজেলা কৃষি বিভাগ	উপজেলা কৃষি অফিসার, রাজবাড়ী সদর, রাজবাড়ী বলেন যে, উপজেলা পরিষদের মডেল মসজিদ ও উপজেলা পরিষদের মেইন গেটের মাঝে রাস্তার পাশের জায়গায় "সেফ ফুড ও জুস কর্ণার" তৈরী করা হলে সকল গ্রাহকের সেবা ও যোগাযোগ ব্যবস্থা সুবিধা হবে। তিনি বলেন যে, নিরাপদ সবজি, ফল ও জুস ভোক্তা পর্যায়ে সেবা প্রদান করার জন্য কৃষকদেরকে নিরাপদ সবজি ও ফসল উৎপাদনে উৎসাহ প্রদানের নিমিত্ত নিরাপদ সবজি ও ফুড কর্ণার স্থাপনের প্রস্তাব করেন। এ বিষয়ে সভাপতি বলেন যে, রাজবাড়ী সদর উপজেলায় নিরাপদ ফসল ও সবজি উৎপাদনের জন্য ফুড কর্ণার স্থাপনের বিষয়ে ০৩ (তিন) সদস্য বিশিষ্ট কমিটি গঠন করা যেতে পারে। সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সদস্যদের সমন্বয়ে ০৩ (তিন) সদস্য বিশিষ্ট কমিটি গঠন করা হলো। ১) উপজেলা প্রকৌশলী, রাজবাড়ী সদর - আহবায়ক ২) সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, রাজবাড়ী সদর - সদস্য ৩) উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, রাজবাড়ী সদর - সদস্য	গঠিত কমিটি আগামী সভার পূর্বে প্রতিবেদন দাখিল করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।	১) উপজেলা প্রকৌশলী, রাজবাড়ী সদর ২) সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, রাজবাড়ী সদর ও ৩) উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, রাজবাড়ী সদর

০৩	উপজেলা প্রাণিসম্পদ বিভাগ	ভেটেরিনারি সার্জন, উপজেলা প্রাণিসম্পদ অফিস, রাজবাড়ী সদর বলেন যে, ক্ষুরা রোগসহ অন্যান্য সংক্রামন রোগ প্রাদুর্ভাব নিয়ন্ত্রণে নিয়মিত টিকাদান কার্যক্রম চলমান আছে। এছাড়া লাম্পিস্কিন ডিজিজ, জলাতঙ্ক রোগ বিষয়ক সচেতনতা কার্যক্রম পরিচালিত হচ্ছে। এছাড়া বিভাগীয় অন্যান্য কাজ স্বাভাবিকভাবে চলছে।	কার্যক্রম পরিচালনার ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে।	উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, রাজবাড়ী সদর
০৪	উপজেলা মৎস্য বিভাগ	সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, রাজবাড়ী সদর, রাজবাড়ী সভায় বলেন যে, প্রতি বছর মৎস্য সুরক্ষা ও সংরক্ষণ আইন-১৯৫০ মোতাবেক ০১ নভেম্বর হতে ৩০ জুন পর্যন্ত মোট ০৮ (আট) মাস জাটকা আহরণ, পরিবহন, মজুদ ও বিপনন নিষিদ্ধ। উক্ত কার্যক্রমের অংশ হিসেবে নতুন বাজার এবং বড় বাজারে অভিযান পরিচলানা করে হয়েছে। একই সাথে ধাওয়াপাড়া বাজার, উড়াকান্দা বাজারসহ মোট পাঁচটি জায়গায় সচেতনতা সভা করা হয়েছে। আরও জানান যে, ইলিশ সম্পদ সংরক্ষণের জন্য জাটকামুক্ত রাজবাড়ী গড়ে তোলার জন্য বিভিন্ন মাছ বাজারে জরুরী ভিত্তিতে যোগাযোগের নম্বরসহ সাইনবোর্ড স্থাপনের জন্য পরিকল্পনা হাতে নেয়া যেতে পারে। মুজিববর্ষ উপলক্ষ্যে আলীপুর ইউনিয়নের কালীচরনপুর গ্রামকে আদর্শ মৎস্য গ্রাম ঘোষণা করা যেতে পারে। সে লক্ষ্যে সে খানকার মৎস্যচাষীদের জন্য মৎস্য প্রশিক্ষণ এবং তাদের মাঝে কিছু উপকরণ বিতরণ করার পরিকল্পনা গ্রহণ করা যেতে পারে। মুক্তা চাষের জন্য সম্ভাবনার জায়গা রাজবাড়ী সদর উপজেলা মুক্তা চাষ আরও সম্প্রসারণের লক্ষ্যে উদ্যোক্ত গ্রহণ করা যেতে পারে। মৎস্য খাদ্য লাইসেন্স অনেকেরই ছিলনা। বিগত এক মাসে ৭ জনকে মৎস্য খাদ্য লাইসেন্স প্রদান করা হয়েছে যার মাধ্যমে রাজস্ব আদায় সম্ভব হবে। মৎস্য সম্প্রসারণের জন্য মৎস্য খামার পরিদর্শন এবং পরামর্শ প্রদান অব্যাহত রয়েছে। এছাড়া বিভাগীয় অন্যান্য কাজ স্বাভাবিক ভাবে চলছে।	জাটকা সংরক্ষণের জন্য সকল ইউপি চেয়াম্যানগণ তথ্য দিয়ে সহযোগিতা করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।	সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, রাজবাড়ী সদর, রাজবাড়ী।
০৫	উপজেলা প্রকৌশল বিভাগ	উপজেলা প্রকৌশলী, রাজবাড়ী সদর, রাজবাড়ী জানান যে, নিমতলা মুধুখালী রাস্তায় যে সকল গাছ ১৮ ফিটের মধ্যে পরে সে সকল গাছগুলো কর্তনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ভারপ্রাপ্ত বন কর্মকর্তা, রাজবাড়ী সদরকে অনুরোধ জানান। এছাড়া বিভাগীয় উন্নয়নমূলক প্রকল্পসমূহের কাজ যথাযথভাবে চলমান আছে। কোন সমস্যা নেই।	কার্যক্রম পরিচালনার ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে।	১) উপজেলা সহকারী প্রকৌশলী, রাজবাড়ী সদর ২) ভারপ্রাপ্ত বন কর্মকর্তা, রাজবাড়ী সদর
০৬	উপজেলা শিক্ষা বিভাগ	উপজেলা শিক্ষা অফিসার, রাজবাড়ী সদর, রাজবাড়ী সভায় বলেন, কোভিড-১৯ সংক্রমন বৃদ্ধি পাওয়ায় সরকারী নির্দেশনা অনুযায়ী ২১ জানুয়ারি, ২০২২ খ্রিঃ তারিখ পর্যন্ত স্কুল বন্ধ থাকবে। অনলাইন ক্লাসের কাযক্রম চলমান রয়েছে। তবে অনলাইনে ছাত্র-ছাত্রীর উপস্থিতির হার কম। তবে ছাত্র-ছাত্রীদের উপস্থিতির হার বৃদ্ধির জন্য প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করা হচ্ছে। এছাড়া তার বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে।	কার্যক্রম পরিচালনার ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে।	উপজেলা শিক্ষা অফিসার, রাজবাড়ী সদর
০৭	উপজেলা সমাজসেবা বিভাগ	উপজেলা সমাজসেবা কর্মকর্তা, রাজবাড়ী সদর, রাজবাড়ী বলেন যে, ২০২১-২২ অর্থ বছরের অক্টোবর হতে ডিসেম্বর মাসের বিভিন্ন ভাতার পে-রোল প্রেরণের কাজ চলমান রয়েছে। ৫০ টি প্রতিবন্ধির আইডি কার্ড প্রিন্ট ও বিতরণ করা হয়েছে। কোভিড-১৯ চলাকালীন সময়ে রাজবাড়ী সদর উপজেলায় কিন্ডার গার্ডেন স্কুলসমূহের শিক্ষক ও কর্মচারীদের ২,০০০/- (দুই হাজার) টাকা হারে ৬০ জনকে এবং ৪,০০০/- (চার হাজার) টাকা হারে ১৫ জনকে মোট ১,৮০,০০০/- (এক লক্ষ আশি হাজার) টাকা অনুদান বিতরণ করা হয়েছে। ক্ষুদ্র নৃ-গোষ্ঠি জাতিসত্বা ও ক্ষুদ্র সম্প্রদায়ের কলেজ/বিশ্ববিদ্যালয়ে অধ্যায়ণরত মেধাবী শিক্ষার্থীদের ৪,০০০/- (চার হাজার) টাকা হারে ০২ জনকে মোট ৮,০০০/- (আট হাজার) টাকা অনুদান প্রদান করা হয়েছে। ভিক্ষুক পুনর্বাসন খাতে ১,৯০,০০০/- টাকা বিতরণ করা হয়েছে। যার মধ্যে ০২ জনকে ২০,০০০/- টাকা এবং অপর ১০ জনকে ১৫,০০০/- টাকা হারে প্রদান করা হয়েছে। সাধারণ চিকিৎসা জনিত কারণে ০৯ জনকে ২,০০০/- টাকা হারে মোট ১৮,০০০/- টাকা বিতরণ করা হয়েছে। এছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।	কার্যক্রম পরিচালনার ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে।	উপজেলা সমাজসেবা কর্মকর্তা, রাজবাড়ী সদর, রাজবাড়ী।

০৮	উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগ	উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, রাজবাড়ী সদর, রাজবাড়ী জানান যে, মুজিববর্ষে "বাংলাদেশে একজন মানুষও গৃহহীন থাকবে না" মাননীয় প্রধানমন্ত্রীর এ নির্দেশনা বাস্তবায়নের লক্ষ্যে রাজবাড়ী সদর উপজেলায় ভূমিহীন ও গৃহহীন পরিবারের জন্য ২য় পর্যায়ে বরাদ্দকৃত ৩০০ টি ঘরের মধ্যে ২৭১ টি গৃহ নির্মাণের কাজ সমাপ্ত হয়েছে। অবশিষ্ট ২৯ টি ঘরের নির্মাণ কাজ চলমান রয়েছে। ৩য় পর্যায়ে বরাদ্দকৃত ৭৫ টি ঘরের মধ্যে ৬৫ টি গৃহ নির্মাণের কাজ শুরু করা হয়েছে। টিআর ও কাবিখা'র কাজ চলমান রয়েছে। এছাড়া বিভাগীয় অন্যান্য কাজ স্বাভাবিক ভাবে চলছে।	গৃহ নির্মাণের কাজের গুণগত মান বজায় রেখে দ্রুত গতিতে সম্পূর্ণ করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, রাজবাড়ী সদর, রাজবাড়ী
০৯	উপজেলা খাদ্য বিভাগ	উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, রাজবাড়ী সদর, রাজবাড়ী বলেন, বর্তমানে খাদ্য গুদামে ২৯৭০ মেঃ টন চাউল, ২৪৯ মে: টন গম ও ধান ২৭৬ মে: টন মজুদ আছে। তিনি সভায় বাজার দর উপস্থাপন করেন। ভিজিডি, জিআর, ইপি-ওপি, খাদ্যবান্ধব কাবিখা ও শহর ওএমএস কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। এছাড়া বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।	কার্যক্রম পরিচালনার ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে।	উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, রাজবাড়ী সদর, রাজবাড়ী।
১০	উপজেলা আনসার ও ভিডিপি বিভাগ	উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, রাজবাড়ী সদর, রাজবাড়ী বলেন যে, তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।	কার্যক্রম পরিচালনার ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে।	উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, রাজবাড়ী সদর, রাজবাড়ী।
১১	উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ	উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, রাজবাড়ী সদর, রাজবাড়ী বলেন যে, জানুয়ারি/২০২২ মাসে অত্র উপজেলায় মোট সক্ষম দম্পতি ৭২৭৭৮ জন, মোট গ্রহণকারী ৫৭৩৬৫ জন, গ্রহনকারীর হার ৭৮.৮২%, স্থায়ী পদ্ধতির পুরুষ ০২ জন, মহিলা ০৭ জন। দীর্ঘ মেয়াদী পদ্ধতির মধ্যে ডিউব ০৭ জন, আইইউডি ৬৯ জন ও ইমপ্লান্ট ১৯৮ জন। আশ্রয়ন প্রকল্পে জানুয়ারি/২০২২ মাসে মোট সক্ষম দম্পতির সংখ্যা ২৯ জন। সর্বমোট গ্রহনকারী ২৭ জন। গ্রহনকারীর হার ৯৩.১০%। মা ও শিশু স্বাস্থ্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। এছাড়া দাপ্তরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে।	কার্যক্রম পরিচালনার ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে।	উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, রাজবাড়ী সদর, রাজবাড়ী।
১২	উপজেলা যুব উন্নয়ন বিভাগ	উপজেলা যুব উন্নয়ন অফিসার, রাজবাড়ী সদর সভায় জানান যে, চলতি অর্থ বছরে যুব ঋণ বিতরণ ২৭ জনকে ১৭,০০,০০০/- টাকা, ক্রমপুঞ্জিত বিতরণ ১১৭২ জনকে ৪,২৩,৯০,০০০/- টাকা। চলতি অর্থ বছরে ১৪ ব্যাচে ৪২০ জনকে ও ক্রমপুঞ্জিত ৮৩৯৫ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। কিস্তি খেলাপী ২,৮৭,৩৪৫/- টাকা, ঋণ খেলাপী ৪,০৫,৭৭৬/- টাকা। চলতি আদায়ের হার ১০০%। এছাড়া বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে।	কার্যক্রম পরিচালনার ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে।	উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, রাজবাড়ী সদর, রাজবাড়ী।
১৩	উপজেলা সমবায় বিভাগ	উপজেলা সমবায় কর্মকর্তা, রাজবাড়ী সদর, রাজবাড়ী সভায় জানান যে, ডিসেম্বর/২০২১ পর্যন্ত রুপপুর আশ্রয়ন প্রকল্পের ঋণের আসল আদায় ২৪,৭১,৭০০/- টাকা, সার্ভিস চার্জ আদায় ১,৯৭,৭২৮/- টাকা, দয়ালনগর নারী উন্নয়ন সমবায় সমিতি লিমিটেডের আসল আদায় ৫৯,৫৬,০০০/- টাকা, সার্ভিস চার্জ আদায় ৪,৯৪,০০০/- টাকা এবং নাওডুবি নারী উন্নয়ন সমবায় সমিতি লিমিটেডের আসল আদায় ৬২,৮১,০০০/- টাকা, সার্ভিস চার্জ আদায় ৪,৮৭,০০০/- টাকা। এছাড়া বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে।	কার্যক্রম পরিচালনার ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে।	উপজেলা সমবায় কর্মকর্তা, রাজবাড়ী সদর, রাজবাড়ী।
১৪	উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ	উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, রাজবাড়ী সদর, রাজবাড়ী সভায় জানান যে, কোভিড-১৯ এর সংক্রমণ বেড়ে যাওয়ায় ২১ জানুয়ারি থেকে ৬ ফেব্রুয়ারি/২০২২ পর্যন্ত শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ ঘোষণা করা হয়েছে। মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর অনলাইন/ভার্চুয়াল ক্লাস গ্রহণের নির্দেশনা প্রদান করেছে। সে অনুযায়ী শিক্ষা প্রতিষ্ঠানকে অবহিত করা হয়েছে। ২০২২ সালের বিনা মূল্যের পাঠ্যপুস্তকের চাহিদা ছিল ৪,৮৭,৩৩৯ টি। তার মধ্যে পাওয়া গেছে ৩,৪০,০৭২ টি।	কার্যক্রম পরিচালনার ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে।	উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, রাজবাড়ী সদর, রাজবাড়ী।